

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ মুখবন্ধ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

মুখবন্ধ

إِنَّ الْحَمْدُ للهِ، نَحْمَدُهُ وَنَسْتَعِيْنُهُ وَنَسْتَغْفِرُهُ ، وَنَعُونُ بِاللهِ مِنْ شُرُوْرِ أَنْفُسِنَا، وَمِنْ سَيِّئَاتِ أَعْمَالِنَا، مَنْ يَّهْدِهِ اللهُ فَلاَ مُضِلَّ لَهُ، وَمَنْ يُّضْلِلِ اللهُ فَلاَ هَادِيَ لَهُ ، وَأَشْهَدُ أَنْ لاَّ إِلَهَ إِلاَّ اللهُ وَحْدَهُ لاَ شَرِيْكَ لَهُ ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُوْلُهُ

নিশ্চয়ই সকল প্রশংসা আল্লাহ্ তা'আলার জন্য। আমরা সবাই তাঁরই প্রশংসা করছি, তাঁরই নিকট সাহায্য ও ক্ষমা প্রার্থনা করছি এবং তাঁরই নিকট আশ্রয় প্রার্থনা করছি প্রবৃত্তির অনিষ্ট ও খারাপ আমল থেকে। যাকে আল্লাহ্ তা'আলা হিদায়াত দিবেন তাকে পথভ্রষ্ট করার আর কেউ নেই এবং যাকে আল্লাহ্ তা'আলা পথভ্রষ্ট করবেন তাকে হিদায়াত দেয়ারও আর কেউ নেই। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ্ তা'আলা ছাড়া সত্য কোন মা'বূদ নেই। তিনি একক, তাঁর কোন শরীক নেই এবং আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, নিশ্চয়ই মুহাম্মাদ (সা.) আল্লাহ্ তা'আলার বান্দাহ্ ও একমাত্র তাঁরই প্রেরিত রাসূল।

ইতিপূর্বে আমি সর্বসাধারণের জন্য গুনাহ্'র পর্যায় ও স্তরগুলো সঠিকভাবে অনুধাবন করার সুবিধার্থে শির্কের উপর দু'টি এবং হারাম ও কবীরা গুনাহ্'র উপর তিনটি পুস্তিকা রচনা করেছি। যা ইতিপূর্বে ছাপানোও হয়েছে। কুফরির উপরও আরেকটি সবিস্তারিত পুস্তিকা রচনার পরিকল্পনা হাতে রয়েছে।

এরপরও এমন কিছু নিষিদ্ধ কাজ রয়ে গেছে যা কুর'আন ও হাদীসে নিষিদ্ধ বলে ঘোষিত হয়েছে ঠিকই; অথচ তা হারাম ও কবীরা গুনাহ্ হওয়ার ব্যাপারটি সুস্পষ্ট নয়। তবে তা হারামও হতে পারে কিংবা মাকরহ্ বা অপছন্দনীয়ও। এতদসত্ত্বেও একজন মু'মিনের কর্তব্য হবে এই যে, সে আল্লাহ্ তা'আলার আযাবের ভয়ে এমন সকল কর্মকান্ডও পরিহার করবে যা আল্লাহ্ তা'আলা ও তদীয় রাসূল নিষিদ্ধ করেছেন। চাই তা হারাম হোক অথবা মাকরহ্। সাহাবায়ে কিরাম (রাঃ) এর আমলও এমনটিই ছিলো। তাঁরা রাসূল (সা.) এর পবিত্র মুখে যে কোন নিষিদ্ধ কাজের কথা শুনলেই তা পরিহার করতেন। তাঁরা কখনো রাসূল (সা.) কে দ্বিতীয়বার এ প্রশ্নটি জিজ্ঞাসা করতেন না যে, উক্ত নিষিদ্ধ কাজটি হারাম না কি মাকরহ্। উপরস্তু কোন মানুষ মাকরহ্ কাজগুলো করতে অভ্যস্ত হয়ে পড়লে তা ধীরে ধীরে তাকে হারাম কাজ করতেই উৎসাহী করে তুলবে। শুধু একটি হারাম কাজ নয় বরং অনেকগুলো হারাম কাজ করাই তখন আর তার গায়ে বাধবে না। এ ছাড়াও মাকরহ্ কাজ থেকে বেঁচে থাকা সাওয়াব অর্জনের এক বিশেষ মাধ্যম।

নিম্নে উক্ত নিষিদ্ধ কর্মগুলো ধারাবাহিকভাবে উল্লিখিত হয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11250

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন